গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ শাখা

## বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে সেমিনারের সুপারিশ বাস্তবায়নে গঠিত অর্থ বিভাগের মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. নাদিরা সুলতানা
যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-২ অধিশাখা)
তারিখ ও সময় : ১০ ডিসেম্বর ২০২৫ খ্রি., বিকাল ০৩.০০ টা
স্থান : ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সভাকক্ষ
(ভবন নং-১১, লেভেল-১৪)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদান করা হলো:

সভায় উপস্থিত সবাই স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। প্রথমে তিনি বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (এসইউপি) মুক্ত ঘোষণা করার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। এরপর কমিটির অন্যান্য সদস্যগণ এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সিঙ্গেল ইউজ প্লাস্টিকসহ নিষিদ্ধ পলিথিন ব্যবহার না করা। | বিভিন্ন অনুবিভাগের মিটিং, ওয়ার্কশপ ও দৈনন্দিন কাজে সিঙ্গেল ইউজ প্লাস্টিকসহ নিষিদ্ধ পলিথিন ব্যবহার বন্ধ করতে হবে। এক্ষেত্রে প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বা স্টিলের বোতল সরবরাহ ও ক্রয় করা যেতে পারে। একইসাথে পানি খাওয়ার জন্য কাঁচের গ্লাস বা পেপার গ্লাস এবং প্লাস্টিক ওয়ান টাইম প্লেট ও চামচের পরিবর্তে পরিবেশ বান্ধব নারিকেল ও সুপারি গাছের প্লেট, চামচ প্রভৃতি ব্যবহার করা যেতে পারে। | সকল অনুবিভাগ/ অধিশাখা/শাখা |
| ২. | সকল কর্মকর্তা/কর্মচারীদের এসইউপি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা। | প্লাস্টিক পণ্যসামগ্রী ব্যবহার না করার বিষয়ে সচেতন করার লক্ষ্যে প্রতিটি প্রশিক্ষণে প্লাস্টিকসহ পলিথিন ব্যবহার না করা সংক্রান্ত ১টি করে মডিউল অন্তর্ভুক্ত করা যেতে পারে। | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/ প্রশাসন-৭ (প্রশিক্ষণ) শাখা |
| ৩. | সরকারি ক্রয় ও অফিস সরঞ্জাম সরবরাহে প্লাস্টিক পণ্যের বিকল্প চিহ্নিত করে ক্রয় কার্যক্রম সম্পাদন করা। | সরকারি ক্রয় ও অফিস সরঞ্জাম সরবরাহে প্লাস্টিক পণ্যের বিকল্প চিহ্নিত করে একটি তালিকা তৈরী করা এবং প্রতিটি পণ্যে সম্ভাব্য পরিবেশ বান্ধব বিকল্প দ্রব্যের নাম এ তালিকায় অন্তর্ভুক্ত করে যুগ্মসচিব (প্রশাসন) এর নিকট উপস্থাপন করে ক্রয় কার্যক্রম সম্পাদন করা যেতে পারে। | সিনিয়র সহকারী সচিব/সহকারি সচিব (প্রশাসন-৬) শাখা |
| ৪. | প্লাস্টিক জাতীয় ফাইল/ফোল্ডার এর পরিবর্তে কাগজের ফাইল/ফোল্ডার ব্যবহার করা। | প্লাস্টিক জাতীয় ফাইল/ফোল্ডার এর পরিবর্তে পাট অথবা কাগজের ফাইল/ফোল্ডার ব্যবহার করা যেতে পারে। | সিনিয়র সহকারি সচিব/সহকারী সচিব (প্রশাসন-৬) শাখা |

(অ:পৃ:দ্র:)

২।	সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড.নাদিরা সুলতানা
যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-২ অধিশাখা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০৬.২৫- ৬৭৯

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১।	সকল অনুবিভাগ প্রধান, অর্থ বিভাগ
২।	যুগ্মসচিব, (প্রশাসন অধিশাখা-১/২/৩/৪), অর্থ বিভাগ
৩।	উপসচিব, প্রশাসন-২/প্রশাসন-৩/প্রশাসন-৪/প্রশাসন-৫ শাখা, অর্থ বিভাগ
৪।	উপসচিব, বাজেট ও পরিকল্পনা শাখা, অর্থ বিভাগ
৫।	উপসচিব, বাজেট-১৯ শাখা, অর্থ বিভাগ
৬।	উপসচিব, প্রশাসন-৭ (প্রশিক্ষণ) শাখা, অর্থ বিভাগ
৭।	সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
৮।	সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৬) শাখা, অর্থ বিভাগ
৯।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০।	সহকারী সচিব, কর্মসম্পাদন শাখা/প্রশাসন-৮ শাখা (লাইব্রেরী, রেকর্ড ও ডকুমেন্টেশন), অর্থ বিভাগ
১১।	হিসাব রক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ
১২।	উপসচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-১ অধিশাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১৩।	যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-২ অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

নজরুল ইসলাম আজাদ
উপসচিব
ফোন: ৫৫১০১৩৫৭